ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

খুলনা শাখা, ৪৭ নং কে,ডি,ঘোষ রোড, খুলনা।

বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি (অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, খুলনা শাখার ঋণগ্রহীতা মেসার্স লাবিব ব্রিকস, মালিক-আব্দুল কুদ্দুস শেখ, পিতা-মোন্তাজ উদ্দিন শেখ, গ্রাম-মৌভোগ, পোস্ট-মানসা বাজার, থানা-ফকিরহাট, জেলা-বাগেরহাট কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে (১) আব্দুস কুদ্দুস শেখ, (২) সালাম শেখ, (৩) মোস্তাফিজুর রহমান, (৪) মনিরুজ্জামান শেখ, সর্বপিতা-মোন্তাজ উদ্দীন শেখ, (৫) মাজেদা বেগম, স্বামী-মোন্তাজ উদ্দীন শেখ, (৬) মোসাঃ হেনা বেগম, স্বামী-আব্দুল কুদ্দুস শেখ, (৭) মোঃ আব্দুল জলিল মোড়ল, পিতা-মোঃ উইসুফ আলী মোড়ল, (৮) মোসাঃ মঞ্জু আরা বেগম, স্বামী-মোঃ আব্দুল জলিল মোড়ল, সর্ব সাং-গ্রাম-মৌভোগ, পোস্ট-মানসা বাজার, থানা-ফকিরহাট, জেলা-বাগেরহাট তাহাদের মালিকানাধীন নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখিয়াছেন এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করিয়াছেন। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ২৬-০৯-২০১৬ ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট ৪,৯২,৭৩,৪৭২.৯২ (চার কোটি বিরানব্বই লক্ষ তিয়াত্তর হাজার চারশত বাহাত্তর টাকা বিরানব্বই পয়সা) টাকা সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল

(১) জেলা-বাগেরহাট, থানা এবং সাবরেজিষ্ট্রী অফিস-ফকিরহাট, মৌজা-মৌভোগ, জে, এল নং-১, সি, এস খতিয়ান নং-৬৭৮, এস, এ খতিয়ান নং-৬৪৩, ডি.পি/আর.এস. খতিয়ান নং-১২৬৫, সি, এস এবং এস, এ দাগ নং-৩৬৬৫, ৩৬৭২, ডি, পি/আর.এস. দাগ নং-৫৮১৮, জমির পরিমান ২৬.০০ শতক এবং তদুপরিস্থিত স্থাপনাদি ।

(২) জেলা-বাগেরহাট, থানা এবং সাবরেজিষ্ট্রী অফিস-ফকিরহাট, মৌজা-মৌভোগ, জে, এল নং-১, সি, এস খতিয়ান নং-৩৭০ পৃথক ৩৭০/১, ১৫৬৪, ১৮২৫, ১৮১২, এস, এ খতিয়ান নং-৩৪০, ১৫০২, ১৮১৭, ১৮০৬, ডি.পি/আর.এস. খতিয়ান নং-৩১২, ৩১৩, সি, এস এবং এস, এ দাগ নং-২৮৪০, ২৮৪৮, ১০৭৩, ১১৯৩, ১২০১, ১২০২, ১২০৩, ১৭২, ২৮৮১, ২৮৮২, ২৯৮৯, ৩০০৫, ৩০০৬, ৩০০৭, ৩০৮০, ৩১০৬, ৩২৪৯, ৩৪৯৯, ডি, পি/আর.এস. দাগ নং-৩৫১২, ৩৫১৪, ১২৩৭, ৩৫২১, ৩৫২২, ৫৫১২, জমির পরিমান- ২০৬.০০ শতক এবং তদুপরিস্থিত স্থাপনাদি ।

(৩) জেলা-বাগেরহাট, থানা এবং সাবরেজিষ্ট্রী অফিস-ফকিরহাট, মৌজা-মৌভোগ, জে, এল নং-১, সি, এস খতিয়ান নং-২১২২, ২১২৩, এস, এ খতিয়ান নং-২০৬৪, ২০৬২, ২০৬৩, ডি.পি/আর.এস. খতিয়ান নং-৪২, ৪৩, সি, এস এবং এস, এ দাগ নং-৩৬৪৭, ৩৬৫৩, ডি, পি/আর.এস. দাগ নং-৫৮১৩, ৫৮৪০, ৫৮৪১, ৫৮৪২, ৪৫৩৭, ৪৬০৫, ৪৬০৬, ৪৬০৭, ৪৬০৮, ৪৬০৯, ৪৬১০, ৬৪১১, ৪৬১২, ৫৭০৩, ৫৭৫২, ৫৭৭১, ৫৮৪১, ৫৮৪৪, ৫৮৫০, জমির পরিমান- ৪৯.০০ শতক এবং তদুপরিস্থিত স্থাপনাদি ।

(৪) জেলা-বাগেরহাট, থানা এবং সাবরেজিষ্ট্রী অফিস-ফকিরহাট, মৌজা-মৌভোগ, জে, এল নং-১, সি, এস খতিয়ান নং-১৮২০, এস, এ খতিয়ান নং-১৮১৩, ১৮১২, ডি.পি/আর.এস. খতিয়ান নং-৬৯৩, ১৩০৭, সি, এস এবং এস, এ দাগ নং-৩৬০৭, ৩৬১৪, ৩৬১৫, ডি, পি/আর.এস. দাগ নং-৫৭৮৪, ৫৭৮৭, ৫৭৮৮, ৫৭৯৪, জমির পরিমান- ৪৬.৪০ শতক এবং তদুপরিস্থিত স্থাপনাদি ।

(৫) জেলা-বাগেরহাট, থানা এবং সাবরেজিষ্ট্রী অফিস-ফকিরহাট, মৌজা-মৌভোগ, জে, এল নং-১, সি, এস খতিয়ান নং-৭০৩, ২৩৪৬, ২৪০৫, ২৪১৫, ২৪১৮, এস, এ খতিয়ান নং-৭৪৪, ১০, ৩০, ৩৩, ৬৫৯, ৬৬৫, ডি.পি/আর.এস. খতিয়ান নং-১৬৫৩, ১৬৫২, ৪৭, সি, এস এবং এস, এ দাগ নং-৪০০৩/৪৫০২, ৪৫০৫/৪৫০৩, ২২, ২৩, ৪৩৪৫/৬৯, ৪৩৪৭/৭১, ৪৩৪৬/৪৫১৫, ৪৩৪৫/৪৫১৪, ডি, পি/আর.এস. দাগ নং-৪৪৬৫, ৪৪৬৬, ৪৪৭৩, ৪৪৭৪, ৬৬২৮, ৬৬২৯, ৬৬৩০, ৬৬৩, ৬৬৩৩, ৬৬০১, ৬৬৩১, জমির পরিমান- ৩০০.০০ শতক এবং তদুপরিস্থিত স্থাপনাদি ।

নিলামের শর্তাবলী ঃ-

১। আগামী ০৩/০১/২০১৭ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, খুলনা শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, খুলনা শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে ।

৩। অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে । প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহব্বান করিতে পারিবেন ।

৪। দরদাতাগণ তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।

৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন ।

৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন । তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন– রেজিস্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের

যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।

৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, খুলনা শাখা, খুলনা।